অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/14/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল ম্যানহাটনের হাই লাইনের সাথে মৈনিহান ট্রেন হল সংযুক্ত করার জন্য নকশা উন্মোচন করেছেন

নিউ ইয়র্কের সবচেয়ে জনপ্রিয় উঁচু পার্ক থেকে বর্ধিত অংশ আইকনিক নতুন পথচারী পাথওয়ে তৈরি করে যা পেন স্টেশন এবং মৈনিহান ট্রেন হলকে চেলসি থেকে জাভিটস সেন্টার পর্যন্ত পশ্চিম দিকের গন্তব্যের সাথে যুক্ত করে

50 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্প মিডটাউন ওয়েস্টের উন্নতিতে স্টেটের বিনিয়োগের সম্পূরক

রেন্ডারিং এখানে পাওয়া যাবে

গভর্নর ক্যাথি হোচুল আজকে একটি নতুন সংযোজকের নকশা উন্মোচন করেছেন যা নিউ ইয়র্ক সিটির হাই লাইনকে সাবলীলভাবে মৈনিহান ট্রেন হলের (Moynihan Train Hall) সাথে যুক্ত করবে। এটি ঘটবে ব্রুকফিল্ড প্রোপার্টিজের জনগণের জন্য উন্মুক্ত ম্যাগনোলিয়া কোর্টের মাধ্যমে যা এর ম্যানহাটন ওয়েস্ট ডেভেলপমেন্টের ভেতর দিয়ে যায়। প্রস্তাবিত প্রকল্প পথচারীদের হাইলাইনের 10তম অ্যাভিনিউ টারমিনাসের সাথে সংযুক্ত হওয়া দুইটি ব্রিজের মাধ্যমে ম্যানহাটনের ফার ওয়েস্ট সাইডে নিরাপদ, বাধাহীন পথ প্রদান করবে। একটি সরকারি-বেসরকারি অংশীদারিত্ব যা এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD), নিউ ইয়র্ক এবং নিউ জার্সির বন্দর কর্তৃপক্ষ (Port Authority of New York and New Jersey), ব্রুকফিল্ড প্রপার্টিজ গ্রুপ (Brookfield Properties Group) এবং ফ্রেন্ডস অফ হাই লাইনের (Friends of the High Line) নিয়ে গঠিত, এই 50 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্প বাস্তবায়ন করবে, যা 2023 সালের বসন্তে শেষ হবে।

"কোভিড-19 এর চ্যালেঞ্জ এবং সমস্যা সত্ত্বেও, নিউ ইয়র্ক কাজ করা চালিয়ে যাচ্ছে - ভবিষ্যতের নিউ ইয়র্কবাসীদের জন্য একটি দীর্ঘস্থায়ী উত্তরাধিকার রেখে যাওয়ার জন্য সাহসী এবং উচ্চাভিলাষীভাবে নির্মাণ চালিয়ে যাচ্ছে," **গভর্নর হোচুল বলেন।** "মৈনিহান ট্রেন হলের সাথে হাই লাইনের এবং আশেপাশের আকর্ষণীয় স্থানের সংযোগ মিডটাউন ওয়েস্টে আমাদের বিনিয়োগের সম্পূরক, পথচারীদের পথ আরও উন্নত করেএবং নিউ ইয়র্কবাসীদের একটি সত্যিই অনন্য অভিজ্ঞতা প্রদান করে। কার্যকর অবকাঠামো যা জীবনের মান উন্নত করে, অর্থনৈতিক সমৃদ্ধি আনে এবং একটি সবুজতর এম্পায়ার স্টেট নির্মাণে সহায়তা করে তা নির্মাণে নিউ ইয়র্ক এর অঙ্গীকারে অবিচল।"

পরিকল্পনার অধীনে, নতুন নকশাকৃত উডল্যান্ডস ব্রিজ বিদ্যমান হাই লাইন থেকে 30তম স্ট্রিটের সমান্তরালে ডায়ার অ্যাভিনিউয়ের পাশে 10ম অ্যাভিনিউ থেকে 9ম এবং 10ম অ্যাভিনিউয়ের মাঝের ব্লক পর্যন্ত পূর্বদিকে বর্ধিত হবে, যেখানে এটি একটি দ্বিতীয় টিম্বার ব্রিজের সাথে যুক্ত হবে যা উত্তর দিকে অগ্রসর হয়ে 31তম স্ট্রিটের উত্তর দিকে ব্রুকফিল্ডসের উচ্চ গণ এলাকার সাথে যুক্ত হবে, যা , ফার্লি বিল্ডিং (Farley Building) এবং মৈনিহান ট্রেন হলের ঠিক বিপরীত পাশে 9ম অ্যাভিনিউয়ে শেষ হয়। হাই লাইন মৈনিহান ট্রেন কানেক্টর (High Line Moynihan Connector), লিংকন টানেলের কাছে এই উচ্চ ট্রাফিক অঞ্চলে কমিউটার, বাসিন্দা এবং ভ্রমণকারীদের জন্য একটি নিরাপদ, দৃষ্টিনন্দন অভিজ্ঞতা প্রদান করবে।

হলি লেইখট, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের রিয়েল এস্টেটের এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট, বলেন, "যখন নিউ ইয়র্ক পুনরায় খোলা এবং পুনরুদ্ধার চালিয়ে যাচ্ছে, ভবিষ্যতের উন্নয়নের জন্য উপযোগী এলাকায় উদ্ভাবনী, কৌশলগত বিনিয়োগ করার আমাদের অঙ্গীকার আমাদের মিশনের আরও গুরুত্বপূর্ণ অংশ হয়ে উঠছে। হাই লাইন মৈনিহান কানেক্টর অর্থনৈতিক উন্নয়নের একটি অণুঘটক, যা নিউ ইয়র্ক সিটির প্রধান গন্তব্যগুলিকে সংযুক্ত করবে, পেন স্টেশন থেকে হাডসন ইয়ার্ডস থেকে নতুন সম্প্রসারিত জাভিটস সেন্টার পর্যন্ত।"

ব্রুকফিল্ড প্রোপার্টিজের এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট সাবরিনা কানের বলেন, "ব্রুকফিল্ড প্রোপার্টিজ গভর্নর হোচুল, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টএবং ফ্রেন্ডস অফ হাই লাইনের সাথে অংশীদারিত্ব করতে পেরে গর্বিত যখন আমরা ম্যানহাটনের ওয়েস্ট সাইডের অসাধারণ পরিবর্তনে সামনের দিকে এই প্রধান পদক্ষেপ নিচ্ছি।আমরা নিউ ইয়র্কবাসী এবং ভ্রমণকারীদের ব্রুকফিল্ডসের ম্যানহাটন ওয়েস্ট ডেভেলপমেন্টে আমন্ত্রণ জানাতে পেরে উচ্ছ্বসিত, যা রেস্টুরেন্ট, দোকান এবং বছরব্যাপী গণ প্রোগ্রামিং এর কেন্দ্র হিসাবে কাজ করবে এবং হাই লাইন এবং নতুন ওয়েস্ট সাইডকে সরাসরি মৈনিহান ট্রেন হলের সাথে যুক্ত করতে একটি প্রাণচঞ্চল গেটওয়ে প্রদান করবে।"

রবার্ট হ্যামন্ড, ফ্রেন্ডস অফ হাই লাইনের এক্সিকিউটিভ ডিরেক্টর এবং সহপ্রতিষ্ঠাতা বলেন, "নতুন মৈনিহান কানেক্টর নিউ ইয়র্কবাসীদের মূল পরিবহন হাবগুলির সাথে আরও উন্নত এবং নিরাপদতর সংযোগ প্রদানের হাই লাইনের একটি দীর্ঘ দিনের স্বপ্ন এবং এর সাম্প্রতিক বিবর্তন বাস্তবায়ন করে, এবং প্রকল্পের ত্বরান্বিত সময়কাল মহামারী থেকে উত্থানরত একটি শহরের চাহিদা পূরণ করে। এর সবুজ বৃক্ষরাজি, টেকসই কাঠের তৈরি উপকরণ এবং ঐতিহ্যবাহী ওয়ারেন-ট্রাস নকশার রেলরোড ব্রিজের বিপরীতে হাই লাইনের স্টিলের অবকাঠামো এবং আশেপাশের ভবনের আধুনিক কাঁচের ফাসাড নিয়ে নকশাটি বৈপরীত্যের এক অনুশীলন। সত্যিই 21 শতকের একটি শহর হতে, যোগাযোগের ক্ষেত্রে আমাদের আরও পরিবেশগত দিক দায়িত্বশীল উপায়ের প্রয়োজন। এই অবকাঠামো পেন স্টেশন থেকে মাত্র একটি শহরে রাস্তা অতিক্রম করে ওয়েস্ট ভিলেজের সবচেয়ে পশ্চিম দিক পর্যন্ত সংযোগ স্থাপন করবে। আমরা এই অংশীদারিত্বের অংশ হতে পেরে উচ্ছ্বসিত, এবং এই সংযোগগুলিকে সবার জন্য উপলভ্য করার জন্য মুখিয়ে আছি।"

রিপ্রেজেন্টেটিভ জেরল্ড ন্যাডলার বলেন, "হাই লাইন একটি বিশ্ব বিখ্যাত আকর্ষণ যা পথচারীদের অতীব প্রয়োজনীয় সবুজ জায়গা এবং একটি সুন্দর আশ্রয়স্থল প্রদান করে। এই সম্প্রসারণ একটি প্রধান পরিবহন হাবকে হাই লাইনের সাথে যুক্ত করবে, এই এলাকায় অতীব প্রয়োজনীয় আলোক সজ্জার ব্যবস্থা করবে এবং ডায়ার অ্যাভিনিউয়ের বিপজ্জনক প্রবেশপথে একটি পাথওয়ে তৈরি করবে।"

সিনেটর ব্র্যাড হলিম্যান বলেন, "হাই লাইন বিশ্বের সেরা শহুরে পার্কগুলির অন্যতম। ম্যানহাটনের ওয়েস্ট সাইডের উন্নয়নে গভর্নর হোচুলের অগ্রাধিকার প্রদান এবং এই প্রকল্পে তার কমিউনিটির মতামতের সংযোজন সামনে যা আসছে তার একটি উৎসাহ উদ্দীপক লক্ষণ। উন্নততর পথচারী পথ, যানবাহনের ট্রাফিক থেকে পথচারীদের সুরক্ষা এবং এলাকায় বাড়তি আলোকসজ্জার সাথে হাই লাইন সম্প্রসারণ সবার বিনোদনের জন্য আরও নিরাপদ পার্ক এলাকা তৈরি করবে।"

অ্যাসেম্বলিমেম্বার রিচার্ড এন. গটফ্রিড বলেন, "যখন ওয়েস্ট সাইডের উন্নয়ন চলছে, আমাদের নিশ্চিত করতে হবে যে ভবিষ্যতের অবকাঠামো পথচারীদের নিরাপদ এবং সহজ চলাচলে সক্ষম করবে।" "হাই লাইন সম্প্রসারণ এবং নিচের রাস্তার ভবিষ্যতের উন্নয়ন তা নিশ্চিত করবে, পাশাপাশি পেন স্টেশন এলাকায় একটি নতুন সংযোগ স্থাপন করবে।"

ম্যানহাটন বরোর প্রেসিডেন্ট গেইল এ. ব্রুয়ার বলেন, "হাই লাইন কানেক্টর প্রকল্প আমাদের শহরের অর্থনৈতিক পুনরুদ্ধারের অংশ। প্রারম্ভিক অবস্থান থেকে হাই লাইনের সম্প্রসারণ ওয়েস্ট সাইডকে ভ্রমণকারী এবং রাইডারদের জন্য আরও সহজলভ্য করে তুলবে যারা মৈনিহান ট্রেন হল ব্যবহার করে এবং ম্যানহাটনের গণ এলাকার সম্পদগুলির একটি উপভোগ করতে চান।"

ম্যানহাটন কমিউনিটি বোর্ড ফোর এর চেয়ার লয়েল কার্ন বলেন, "হাই লাইন সম্প্রসারণ পেন স্টেশন এবং মৈনিহান ট্রেন হল থেকে পশ্চিমে হাঁটা ক্রমবর্ধমান পথচারীদের জন্য একটি সুসংবাদ। নিচের আর্কিটেকচারাল লাইটিং এর সাথে এবং রাস্তা বরাবর গাছপালা নিয়ে হাই লাইন সম্প্রসারণ এমন একটি এলাকাকে নিরাপত্তা এবং স্বস্তি প্রদান করবে যা বহুকাল ধরে উপেক্ষিত ছিল।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন